

স্মারক নং: ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০৫.২৫-২৭৯৮

তারিখ: ০২ জুলাই, ২০২৫ খ্রি.

বিজ্ঞপ্তি


বিষয়: DTE Stipend MIS সফটওয়্যারে অন্তর্ভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানের ইউজার রেজিস্ট্রেশন সম্পন্নকরণ সংক্রান্ত।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, DTE Stipend MIS সফটওয়্যারের নিরাপত্তা সংক্রান্ত উন্নয়ন কাজ সম্পন্ন করে উপবৃত্তি কার্যক্রমের আওতাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের জন্য বিগত ৩০ এপ্রিল ২০২৫ খ্রি. তারিখ পুনরায় সার্ভার চালু করা হয় (২৪ এপ্রিল ২০২৫ খ্রি. তারিখের ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০৫.২৪-২৬৮ সংখ্যক বিজ্ঞপ্তি)। অর্থ বিভাগের BACS & iBAS++ সিস্টেমের নির্দেশনা অনুযায়ী, প্রতিটি প্রতিষ্ঠানের ইউজারকে জাতীয় পরিচয়পত্রের তথ্য এবং মোবাইল নম্বরে প্রাপ্ত OTP ব্যবহার করে ভেরিফিকেশন সম্পন্নপূর্বক সিস্টেমে লগ-ইন করার নির্দেশনা দেওয়া হয়। কিন্তু DTE Stipend MIS-এ অন্তর্ভুক্ত ৪৭২৮টি প্রতিষ্ঠানের মধ্যে অদ্যাবধি ৩৫২৬টি শিক্ষা প্রতিষ্ঠান ইউজার রেজিস্ট্রেশন সম্পন্ন করেছে। অর্থাৎ ৪৭২৮-৩৫২৬= ১২০২টি শিক্ষা প্রতিষ্ঠান এখনো ইউজার রেজিস্ট্রেশন সম্পন্ন করেনি এবং উপবৃত্তির যোগ্য শিক্ষার্থীর তথ্য প্রদান করেনি, যার ফলে অনেক শিক্ষার্থী উপবৃত্তি পাওয়ার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। এর ফলে সরকারের সামাজিক সুরক্ষার আওতায় গৃহীত উপবৃত্তি কার্যক্রমের প্রত্যাশিত লক্ষ্যমাত্রা বাধাগ্রস্ত হচ্ছে। উল্লেখ্য, 'কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২৩' অনুযায়ী শিক্ষার্থী সংক্রান্ত তথ্য প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান সম্পূর্ণরূপে দায়ী থাকবে।

২। এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানকে DTE Stipend MIS সফটওয়্যারে পূর্বের ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগ-ইন করে প্রতিষ্ঠান প্রধানের জাতীয় পরিচয়পত্র ও মোবাইল নম্বরের তথ্য প্রদানপূর্বক ভেরিফিকেশন করে আগামী ০৬ জুলাই ২০২৫ হতে ৩১ জুলাই ২০২৫ তারিখের মধ্যে আবশ্যিকভাবে ইউজার রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য নির্দেশনা দেওয়া হলো।

৩। প্রয়োজনে কারিগরি শিক্ষা অধিদপ্তরের আঞ্চলিক কার্যালয়সমূহ থেকে ইউজার রেজিস্ট্রেশনের প্রাথমিক সহায়তা গ্রহণ করা যাবে। DTE Stipend MIS সংক্রান্ত কারিগরি সহায়তার জন্য কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রধান কার্যালয়ের উপবৃত্তি সেল (কক্ষ নং ৫০৮-৫০৯) হতে সরাসরি (সরকারি ছুটির দিন ব্যতীত সকাল ১০.০০টা হতে বিকাল ০৩.০০টা পর্যন্ত) সেবা গ্রহণ করা যাবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই বিজ্ঞপ্তি জারী করা হলো।



(প্রকৌ. মোঃ মাকসুদুর রহমান)
পরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ণ/পিআইইউ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭;
- ২। পরিচালক (পিআইডব্লিউ/ডোকেশনাল/ পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশাসন/ পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭;
- ৩। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/ রাজশাহী/বরিশাল/খুলনা/ময়মনসিংহ/সিলেট/রংপুর (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধ সহ);
- ৪। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৫। অধ্যক্ষ (সকল), পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (তীর মনিটরিংয়ের অধীন সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ);
- ৬। অধ্যক্ষ (সকল), সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ (তীর মনিটরিংয়ের অধীন সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ);
- ৭। সিস্টেম অ্যানালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৮। অধ্যক্ষ (সকল), বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউট;
- ৯। অধ্যক্ষ (সকল), এইচএসসি (বি এম টি) কোর্স পরিচালনাকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহ;
- ১০। প্রধান শিক্ষক/সুপারিনটেন্ডেন্ট (সকল), বেসরকারি সংযুক্ত/স্বতন্ত্র ডোকেশনাল স্কুল;
- ১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর। (বিজ্ঞপ্তিটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা অনুরোধসহ);
- ১২। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য);
- ১৩। সংশ্লিষ্ট নথি।